তারিখ 19/10/79
পৃষ্ঠা 2 কলাম ৪



## চিঠিপত্র

মতামতের জন্য সম্পাদকদায়ী নহেন

### একটি অনুরোধ

রসুলুল্লাহ (সঃ) এর হাদীস ঃ "আরাফাত বা হজ্বের দিনের রোজা উভয় অতীত ও আগামী বৎসরের গোনাহর কাফ্ফারা হইয়া যায়।"

উক্ত হাদীস অনুসরণ করিয়া বাংলাদেশের বহু ধর্ম প্রাণ মুসলমান আরাফাত বা হজ্বের দিন রোজা পালন করেন। এই দিনটি হইল আরবী মাসের ৯ই জিলহজ্ব।

যেহেতু নতুন চাঁদ দেখার দিনক্ষণ আরব ও বাংলাদেশে বিভিন্ন, তাই বাংলাদেশে চাঁদ দেখার দিন থেকে গণনা করিয়া ৯ই জিলহজ্ব রোজা রাখিলে দেখা যায় যে, হজ্ব এই দিনটির কমপক্ষে দুই এক দিন আগেই সম্পন্ন হইয়া গিয়াছে : ফলে প্রকৃত উদ্দেশ্য সাধিত হয় না।

যাতে করিয়া সঠিক আরাফাত বা হজ্বের দিনটিতেই রোজা পালন করা যাইতে পারে সেইজন্য ঢাকায় অবস্থিত সৌদী সরকারের দূতাবাস প্রধানকে সঠিক হজ্বের তারিখটি স্থানীয় সংবাদ সংস্থা মারফত সময় মত প্রচার করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাইতেছি।

ইসলামিক ফাউণ্ডেশনও এ ব্যাপারে উদ্যোগ নিলে আমরা বাধিত হইব।

—এম, আর, তরফদার, ৮৫, রামকৃষ্ণ মিশন রোড, ঢাকা ৩।